হজ্জযাত্রী সংবাদ

জিলহজ মাসের চাঁদ দেখা সাপেক্ষে আগামী ১০ সেপ্টেম্বর ২০১৬ খ্রি./৯ জিলহজ ১৪৩৭ হিজরি সালের পবিত্র হজ হবে। হজ চুক্তি মোতাবেক এবার বাংলাদেশ থেকে সরকারি ও বেসরকারি ব্যবস্থাপনায় হজ পালনের জন্য গাইড ও মুনাজ্জেম এবং রাষ্ট্রীয় খরচে হজ পালনকারীসহ ১,০১,৭৫৮ জন (এক লক্ষ এক হাজার সাত শত আটান্ন) হজযাত্রী হজ পালনের জন্য সৌদি আরব গমন করতে পারবেন।

হজে যাওয়ার জন্য প্রথম ধাপ প্রাক্-নিবন্ধন।

প্রাক্-নিবন্ধন:

হজে যাওয়ার জন্য প্রথম ধাপ প্রাক্-নিবন্ধন। সৌদি 'ই হজ সিস্টেমের' সঙ্গে সমন্বয়ের জন্য এবছর থেকে হজযাত্রীদের জন্য প্রাক্-নিবন্ধন পদ্ধতি চালু করা হয়েছে। নিজে অথবা ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বৈধ হজ এজেন্সির মাধ্যমে প্রাক-নিবন্ধনের প্রথম ধাপ সম্পন্ন করে পেমেন্ট ভাউচারসহ ব্যাংকে টাকা জমা দিন এবং আপনার প্রাক্-নিবন্ধন সনদ সংগ্রহ করুন। সর্ব মোট হজযাত্রীর সংখ্যা ১,০১,৭৫৮ জন অতিক্রম করলে নিয়ম মত হজযাত্রীরা অপেক্ষমাণ তালিকায় থাকবেন এবং পরবর্তী বছরে হজে যাবেন। প্রাক্-নিবন্ধন সংক্রান্ত কোন তথ্য জানার প্রয়োজন হলে ০৯৬০২৬৬৬৭০৭ নম্বরে টেলিফোনে যোগাযোগ করতে পারবেন।

প্রাক্-নিবন্ধন করতে যা লাগবে:

- জাতীয় পরিচয়পত্র, (১৮ বছরের নিচে বয়স যাদের, জাতীয় পরিচয়পত্র নেই সেক্ষেত্রে অভিভাবকের সঙ্গে জন্ম নিবন্ধন সনদ দিয়ে প্রাক নিবন্ধন করতে পারবেন)।
- পাসপোর্ট সাইজের রঙিন ছবি
- মোবাইল নম্বর (যেখানে এসএমএস পাবেন)
- সরকারি ব্যবস্থাপনার জন্য ৩০,০০০(ত্রিশ হাজার টাকা), বেসরকারি ব্যবস্থাপনার জন্য ৩০,৭৫২ (ত্রিশ হাজার সাতশত বায়ান্ন) টাকা জমা দিতে হবে।
- এমআরপি পাসপোর্ট (প্রাক্-নিবন্ধনের জন্য বাধ্যতামূলক নয় তবে নিবন্ধনের জন্য বাধ্যতামূলক। তাই তৈরি না থাকলে প্রস্তুত রাখুন)

যেখানে প্রাক্-নিবন্ধন করা যাবে:

- ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্রে
- জেলা প্রশাসকের কার্যালয়
- ইসলামিক ফাউন্ডেশনের কার্যালয়
- ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বৈধ হজ এজেন্সি
- পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা

এর যেকোনো এক জায়গা থেকে হজযাত্রী নিজে অথবা তার প্রতিনিধি প্রাক্-নিবন্ধন করতে পারবেন।

ধাপে ধাপে প্রাক্-নিবন্ধন:

- প্রাক্-নিবন্ধনের প্রথম ধাপে জাতীয় পরিচয়পত্র তথ্য ভান্ডার থেকে (নাম, পিতার নাম, মাতার নাম, পেশা, জন্মতারিখ, স্থায়ী ঠিকানা, নারী/পুরুষ, বৈবাহিক অবস্থা) তথ্য স্বয়ংক্রিয় পদ্ধতিতে যাচাই হবে।
- হজযাত্রী সরকারি নাকি বেসরকারি ব্যবস্থাপনায় হজে যেতে ইচ্ছুক সে সংক্রান্ত তথ্য।
- ব্যাংকে টাকা জমা দেওয়ার জন্য ট্র্যাকিং নম্বরসংবলিত প্রিন্ট করা পেমেন্ট ভাইচারসহ সরকার নির্ধারিতব্যাংকে (তালিকা পরে জানানো হবে) সরকারি ব্যবস্থাপনার জন্য ৩০,০০০ (ত্রিশ হাজার টাকা), বেসরকারি ব্যবস্থাপনার জন্য ৩০,৭৫২ (ত্রিশ হাজার সাতশত বায়ান্ন) টাকা জমা দিতে হবে।
- (উল্লেখ্য নির্ধারিতসময়ের মধ্যে টাকা জমা না দিলে পুনরায় প্রাক-নিবন্ধন করতে হবে।)
- ব্যাংক টাকা পরিশোধের পর ব্যাংক থেকে হজের প্রাক্-নিবন্ধন সনদ দেওয়া হবে। (প্রাক নিবন্ধন সনদে জাতীয় পরিচয়পত্র তথ্য, প্রাক্-নিবন্ধন নম্বর, পাসপোর্টেরতথ্য, ব্যাংকে টাকা জমা দেওয়া বিবরণ থাকবে) একই সঙ্গে হজযাত্রীর মোবাইল নম্বরে এসএমএস প্রেরণ করে প্রাক নিবন্ধন নিশ্চিত করা হবে।
- জাতীয় হজ নীতির আলোকে প্রাক্-নিবন্ধন নম্বর চলতি বছর হজে যাওয়ার জন্য নির্বাচিতহলে হজযাত্রীর মোবাইলে এসএমএস দেওয়া হবে।
- হজে যাওয়ার জন্য নির্বাচিতহলে হজযাত্রীর মোবাইলে এসএমএস পাওয়ার পর (নিবন্ধন কার্য ক্রমশুরু হবে)। নির্ধারিত সময়ের মধ্যে (৩০ মে ২০১৬) হজ অফিস/ সংশ্লিষ্ট এজেন্সি প্রাক-নিবন্ধন তথ্য ভান্ডার থেকে হজ যাত্রীদের আবেদন অনলাইনে গ্রহণ করে প্যাকেজের সম্পূর্ণ টাকা পরিশোধ পরিশোধিত মর্মে হজ অফিস/ সংশ্লিষ্ট হজ এজেন্সি নিশ্চিত করলে পিলগ্রিম আইডি (PID) তৈরি হবে। সম্পূর্ন টাকা পরিশোধ করলে হজযাত্রীর মোবাইল নম্বরে এসএমএস প্রেরণ করে PID নিশ্চিত করা হবে। হজে যাওয়ার জন্য পিলগ্রিম আইডি অত্যাবশক।
- হজযাত্রীকে প্রদত্ত প্রাক পরিবর্তনযোগ্য প্রাক- নিবন্ধন নম্বর (serial) কোনভাবেই পরিবর্তনযোগ্য নয়। তাই হজে যাওয়ার প্রথম ধাপ প্রাক্-নিবন্ধন করুন।
- প্রাক্-নিবন্ধনে প্রাপ্ত তথ্যাদি পুলিশের বিশেষ শাখার মাধ্যমে যাচাই করা হবে।
- প্রাক্-নিবন্ধন বাতিল করতে চাইলে

- প্রাক্-নিবন্ধন করে যদি হজে গমন না করেন তাহলে হজযাত্রীর অগ্রীম জমাকৃত জামানত থেকে সার্ভিস চার্জ ২ হাজার এবং প্রসেসিং ফি বাবদ ৩ হাজার মোট ৫ হাজার টাকা বাদ দিয়ে বাকি টাকা ফেরত পাবেন।

১৮ বছরের নিচে বয়স যাদের

১৮ বছরের নিচে বয়স যাদের, জাতীয় পরিচয়পত্র নাই সেক্ষেত্রে অভিভাবকের সঙ্গে জন্ম নিবন্ধন সনদ দিয়ে প্রাক্-নিবন্ধন করতে পারবেন। ও পুলিশের বিশেষ শাখার মাধ্যমে যাচাই করা হবে।

এক নজরে হজ ২০১৬ এর কার্য ক্রম

- হজ : ৯ জিলহজ ১৪৩৭ (সম্ভাব্য ১০ সেপ্টেম্বর ২০১৬)
- সর্ব মোটহজযাত্রী: ২০১৬ সালে হজ পালনের জন্য গাইড, মুনাজ্জেম এবং সরকারি খরচে হজ পালনকারীসহ ১,০১,৭৫৮ জন বাংলাদেশ থেকে সৌদি আরব যেতে পারবেন।
- এ বছর (২০১৬ সাল) থেকেই প্রাক্-নিবন্ধন পদ্ধতি চালু হলো ।
- প্রাক নিবন্ধনের পরে চলতি বছর হজে যাওয়ার জন্য নির্ব াচিতহলে নিবন্ধনের জন্য সমুদয় (প্যাকেজ অনুযায়ী) তারিখ টাকা জমা দেওয়ার শেষ সময় : ৩০ মে ২০১৬
- টাকা জমা দেয়ার ব্যাংকসমূহ: ব্যাংক তালিকা পত্রিকায় বিজ্ঞপ্তি আকারে জানানো হবে।
- সরকারি ব্যবস্থাপনার প্যাকেজ ২টি। একটিতে খরচ ৩ লাখ ৬০ হাজার ২৮টাকা অন্যটিতে খরচ ৩ লাখ ৪ হাজার ৯০৩ টাকা ।
- বেসরকারি ব্যবস্থাপনার ন্যুনতম প্যাকেজ: ৩ লাখ ৪ হাজার ৯০৩ টাকা
- হজযাত্রীদের সম্ভাব্য ফ্লাইট শুরু : ১ আগস্ট ২০১৬।
- বিস্তারিত তথ্যের জন্য : www.hajj.gov.bd

প্যাকেজ সংক্রান্ত তথ্য:

সরকারি ব্যবস্থাপনায় হজে যেতে চাইলে

সরকারি ব্যবস্থাপনার প্যাকেজ ২টি:

- প্যাকেজ ১: সৌদি আরবের ভিসা, বিমানে যাওয়া-আসা, মক্কায় কাবা শরিফ থেকে সর্বে াচ্চএক হাজার ২০০ মিটার ও মদিনায় মসজিদে নববী থেকে সর্বে াচ্চ৫০০ মিটারের মধ্যে তাসরিয়াযুক্ত (সৌদি হজ মন্ত্রণালয়ের যাচাই করা বাসস্থান) বাসায় থাকার ব্যবস্থা। খরচ: ৩ লাখ ৬০ হাজার ২৮টাকা ।
- প্যাকেজ ২: সৌদি আরবের ভিসা, বিমানে যাওয়া-আসা, মক্কায় কাবা শরিফ থেকে সর্বে াচ্চদুই কিলোমিটার ও মদিনায় মসজিদে নববী থেকে সর্বে াচ্চ৮০০ মিটারের মধ্যে তাসরিয়াযুক্ত বাড়িতে আবাসন। খরচ: ৩ লাখ ৪ হাজার ৯০৩ টাকা । এ ছাড়া কোরবানির জন্য প্রতিটি প্যাকেজে আরও খরচ হবে (৫০০ রিয়াল) সাড়ে ১০ হাজার টাকা।

কোথায় যোগাযোগ করবেন:

- ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্রে,
- জেলা প্রশাসকের কার্য ালয়
- ইসলামিক ফাউন্ডেশনের কার্য ালয়
- পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।

এর যেকোনো এক জায়গা থেকে হজযাত্রী নিজে অথবা তার প্রতিনিধি যোগাযোগ করবেন।

বেসরকারি ব্যবস্থাপনায় হজে যেতে চাইলে

বেসরকারি ব্যবস্থাপনায় একাধিক প্যাকেজ রয়েছে । বেসরকারি ব্যবস্থাপনার ন্যুনতম প্যাকেজ হলো তিন লাখ ৪ হাজার ৯০৩ টাকা। এ ছাড়া তিন লাখ ৬০ হাজার টাকা থেকে আরও বেশি টাকার প্যাকেজ রয়েছে।

কোথায় যোগাযোগ করবেন:

- ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বৈধ হজ এজেন্সি কার্য ালয়েহজযাত্রী নিজে অথবা তার প্রতিনিধি যোগাযোগ করবেন।

সরকারি ব্যবস্থাপনায় খরচের খাত

দুই ধরনের প্যাকেজেই প্রতি হজযাত্রীর জন্য বিমান ভাড়া এক লাখ ২৬ হাজার ৬৮৯ টাকা, জেদ্দা-মক্কা-মদিনা-মিনা-আরাফাতের যাতায়াত ব্যয়, মিনায় তাঁবু ভাড়া ও মোয়াল্লেম ফি ২২ হাজার ৮৬৯ টাকা, জমজম পানি ৩১৫ টাকা, অতিরিক্ত সার্ভিস চার্জ ২১ হাজার টাকা, মিনা আরাফাতে ট্রেন ভাড়া পাঁচ হাজার ২৫০ টাকা, ব্যাংক গ্যারান্টি ১ হাজার ৪২৮ টাকা, স্থানীয় সেবা মূল্য ৮০০ টাকা, আপৎকালীন তহবিল ২০০ টাকা, হজ প্রশিক্ষণ ফি ৩০০ টাকা, খাওয়ার খরচ ৩৩ হাজার ৬০০ টাকা, ব্যাগ বাবদ ২ হাজার টাকা ও হজ গাইড সাত হাজার ৭১১ টাকা। এ ছাড়া প্রতি হজযাত্রীর জন্য মক্কা-মদিনায় বাড়িভাড়া একটি প্যাকেজে এক লাখ ৩৭ হাজার ৮৬৫ টাকা, অন্য প্যাকেজে ৮২ হাজার ৭৪০ টাকা।

বেসরকারি ব্যবস্থাপনায় খরচের খাত

হজ এজেন্সির মাধ্যমে প্রত্যেক হজযাত্রীর জন্য বিমান ভাড়া এক লাখ ২৬ হাজার ৬৮৯ টাকা, জেদ্দা-মক্কা-মদিনা-মিনা-আরাফাতের যাতায়াত ব্যয়, মিনায় তাঁবু ভাড়া ও মোয়াল্লেম ফি ২২ হাজার ৮৬৯ টাকা, জমজম পানি ৩১৫ টাকা, ব্যাংক গ্যারান্টি ১ হাজার ৪২৮ টাকা, স্থানীয় সেবা মূল্য ৮০০ টাকা, আপৎকালীন তহবিল ২০০ টাকা, হজ প্রশিক্ষণ ফি ৩০০ টাকা, ব্যাগ বাবদ ২ হাজার টাকা। এ ছাড়া মক্কা-মদিনায় বাড়িভাড়া, খাবার খরচ, মিনা-আরাফাতে মোয়াল্লেমের অতিরিক্ত খরচ, হজ গাইড ও কোরবানির খরচ এজেন্সি প্যাকেজ অনুযায়ী ঠিক করে থাকে।